

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd


স্মারক নং: ৫২.০১.০০০০.১০১.২৩.১০৫.২৩-০৯৭৮

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩০
১৯ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: বিবিএস-এর মাঠ পর্যায়ের সকল বিভাগ, জেলা ও উপজেলা/থানা পরিসংখ্যান কার্যালয়সমূহে 'জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪' উদযাপন ও বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী পরিসংখ্যানের গুরুত্ব বিবেচনায় গত ০৮ জুন ২০২০ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ বৈঠকে ২৭ ফেব্রুয়ারিকে 'জাতীয় পরিসংখ্যান দিবস' ঘোষণা করেন। নিঃসন্দেহে দেশের পরিসংখ্যানিক পরিমন্ডলের (Statistical Arena) জন্য মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত এই স্বীকৃতি অত্যন্ত আনন্দের বিষয়। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষণার সফল বাস্তবায়ন এবং ২৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে ৪র্থ বারের মতো পালিতব্য 'জাতীয় পরিসংখ্যান দিবস'-এর এবারের প্রতিপাদ্য বিষয় 'স্মার্ট পরিসংখ্যান, উন্নয়নের সোপান'। দিবসটির গুরুত্ব ও তাৎপর্য উপলব্ধি করে দেশব্যাপী যথাযোগ্য মর্যাদায় 'জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪' উদযাপনে প্রশাসন এবং অংশীজনদের সম্পৃক্ত করে মাঠ পর্যায়ে বিভাগীয়, জেলা ও উপজেলা/থানা পরিসংখ্যান কার্যালয় পর্যন্ত দিবসটি পালনের জন্য নিম্নলিখিত নির্দেশনা প্রদান করা হলো:

- ক) বিভাগীয় জেলার ক্ষেত্রে বিভাগীয় প্রশাসন ও জেলা প্রশাসন-এর সাথে সমন্বয় করে সংশ্লিষ্ট বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় এবং জেলা পরিসংখ্যান কার্যালয় একত্রে বিভাগীয় পর্যায়ে দিবসটি উদযাপন করবে।
 - খ) জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে প্রতিটি জেলা পরিসংখ্যান কার্যালয় জেলা পর্যায়ে একত্রে দিবসটি উদযাপন করবে।
 - গ) উপজেলা পর্যায়ে উপজেলা প্রশাসন-এর সাথে সমন্বয় করে দিবসটি পালনের উদ্যোগ গ্রহণ করবে।
 - ঘ) শুধুমাত্র ঢাকা বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ঢাকা জেলা পরিসংখ্যান কার্যালয় ও অধীন থানা পরিসংখ্যান কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারী সদর দপ্তরের সাথে কেন্দ্রীয়ভাবে আয়োজিত অনুষ্ঠানে সক্রিয়ভাবে অংশগ্রহণ করবে।
 - ঙ) মাঠ পর্যায়ে পরিসংখ্যান দিবস উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভা আয়োজনের ব্যবস্থা করবে।
 - চ) 'জাতীয় পরিসংখ্যান দিবস'-এর গুরুত্ব ও তাৎপর্য জনসাধারণের নিকট তুলে ধরার লক্ষ্যে ডকুমেন্টারি, ব্যানার/ফেস্টুন/ প্ল্যাকার্ড-এর প্রদর্শনের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করবে।
 - ছ) বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে অনুষ্ঠান উদযাপনের গুরুত্বপূর্ণ ছবি/ভিডিওসমূহ এফএ অ্যান্ড এমআইএস উইং-এ প্রেরণ করবে।
- ০২। বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক বিভাগীয়, জেলা এবং উপজেলা প্রশাসনের সঙ্গে সমন্বয় করে আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে 'জাতীয় পরিসংখ্যান দিবস' পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।


মোহাম্মদ মিজানুর রহমান
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৫৫০০৭০৫৬
E-mail: dg@bbs.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (১) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সকল).....
- (২) উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয় (সকল).....
- (৩) পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয় (সকল).....

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (১) বিভাগীয় কমিশনার (সকল).....
- (২) জেলা প্রশাসক (সকল).....
- (৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল).....
- (৪) সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- (৫) স্টাফ অফিসার, উপমহাপরিচালক মহোদয়ের দপ্তর, বিবিএস, ঢাকা।
- (৬) অফিস কপি।